দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... NOV. 11-1999
পৃষ্ঠা ১ কলাম ১
245

ঢাকা ভার্সিটির ১০৫ জন শিক্ষকের বিবৃতি

# সরকারের দলীয় ও রাষ্ট্রীয় সন্ত্রাসের ভয়াবহতায় জনগণ খুবই শংকিত

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৫ জন শিক্ষক গতকাল (বুধবার) এক বিবৃতিতে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, বর্তমান সরকার বিরোধী রাজনৈতিক দলসমূহের গণতান্ত্রিক আন্দোলনকে স্বৈরাচারী কায়দায় দমন করার চেষ্টা অব্যাহত রেখেছে। সংবিধানে প্রদত্ত জনগণের মৌলিক অধিকারকে অস্বীকার করে চরম নিপীড়ন-নির্যাতন চালানো হচ্ছে। সরকারের দলীয় ও রাষ্ট্রীয় সন্ত্রাসের ভয়াবহতায় জনগণ চরমভাবে শঙ্কিত হয়ে পড়েছে। গত রবিবার একজন গৃহবধূকে পুলিশ গুলী করে হত্যা করেছে এবং সোমবার বিশিষ্ট রাজনৈতিক নেতা সাদেক হোসেন খোকা, আবদুল্লাহ আল নোমান ও জয়নাল আবেদীন ফারুকের উপর বেপরোয়া গুলী বর্ষণ করেছে। এসব

৭-এর পৃঃ ৪-এর কঃ দেখুন

## ১০৫ জন শিক্ষক

প্রথম পৃষ্ঠার পর

ঘটনায় সরকারের ফ্যাসিবাদী চরিত্র আরো প্রকট হয়ে উঠেছে। বিবৃতিতে শিক্ষকবৃন্দ সরকারের এসব অগণতান্ত্রিক ও ফ্যাসিবাদী আচরণের তীব্র প্রতিবাদ জানান।

বিবৃতিতে সম্প্রতি জাতীয় সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক প্রধানমন্ত্রী ও সংসদের বিরোধী দলীয় নেত্রী সম্পর্কে যেসব অসংলগ্ন, অশোভন ও কুরুচিপূর্ণ উক্তি করেছেন তার নিন্দা জানিয়ে বলা হয় দেশের একজন প্রধানমন্ত্রীর এ ধরনের উক্তি বিকৃত মানসিকতারই পরিচয় বহন করে। প্রধানমন্ত্রীর উচিৎ এ ধরনের অশালীন বক্তব্য প্রত্যাহার করে নেয়া। বিবৃতিতে শিক্ষকবৃন্দ ভবিষ্যতে এ ধরনের বক্তব্য প্রদান থেকে বিরত থাকার জন্য প্রধানমন্ত্রীকে আহবান জানান। বিবৃতিতে স্বাক্ষরকারী শিক্ষকবৃন্দ হলেন– প্রফেসর ওয়াকিল আহমদ, প্রফেসর মাহমুদুল-আল-আমীন, প্রফেসর কামরুল আহসান চৌধুরী, প্রফেসর আসাদুজ্জামান, সহযোগী প্রফেসর ফেরদৌস হোসেন, প্রফেসর ইউসুফ হায়দার, প্রফেসর এম এরশাদুল বারী, প্রফেসর চৌধুরী মাহমুদ হাসান, প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ, প্রফেসর খলিলুর রহমান, প্রফেসর জেড এন তাহমিদা খানম, প্রফেসর সাঈদ-উর রহমান, প্রফেসর তৌহিদুল আনোয়ার, প্রফেসর নূরুল আমিন বেপারী, প্রফেসর সৈয়দ রাশিদুল হাসান, সহযোগী প্রফেসর মোহাম্মদ আব্দুর রব, প্রফেসর সদরুল আমিন, প্রফেসর হাসানুজ্জামান চৌধুরী, সহযোগী প্রফেসর এবিএম ছিদ্দিকুর রহমান নিজামী, প্রফেসর আমিনুর রহমান মজুমদার প্রমুখ।

### ঢা. বি. শিক্ষক সমিতি

পৃথক এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ইউসুফ হায়দার ও সাধারণ সম্পাদক ফেরদৌস হোসেন উদ্বেগ প্রকাশ করে বলেন, দেশে বর্তমানে রাজনৈতিক ও অর্থনৈতিক সংকট তীব্র হয়ে উঠেছে। একদিকে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতি ঘটেছে, অন্যদিকে গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে পরিচালিত ক্ষমতাসীন মহলের দলীয় ও রাষ্ট্রীয় সন্ত্রাস ভয়াবহ রূপ ধারণ করেছে। বিশেষ করে গত রবিবার পুলিশের গুলীতে একজন গৃহবধূর মর্মান্তিক মৃত্যু এবং গতকাল (সোমবার) বীর মুক্তিযোদ্ধা ও বিশিষ্ট রাজনৈতিক নেতা সাদেক হোসেন খোকার উপর গুলী বর্ষণের ঘটনায় আমরা প্রচণ্ডভাবে বিচলিত ও ক্ষুব্ধ। শিক্ষক নেতৃদ্বয়, সংবিধানে স্বীকৃত জনগণের গণতান্ত্রিক অধিকারের উপর শক্তি প্রয়োগের নীতি পরিহার করে রাজনৈতিক সংকট নিরসনের বাস্তব পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের প্রতি আহবান জানান।